# Times Today BD

জেলা প্রতিনিধি | ময়মনসিংহ | 29 April, 2025

ময়মনসিংহ সদর উপজেলার মাইজবাড়ী খালেক উচ্চ বিদ্যালয় কেন্দ্রে এসএসসি (ভোকেশনাল) পরীক্ষায় নকলের দায়ে চার শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।পাশাপাশি দায়িত্বে অবহেলার কারণে সংশ্লিষ্ট কক্ষের তিন শিক্ষককে পরীক্ষার ডিউটি থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।

মঙ্গলবার (২৯ এপ্রিল) দুপুরে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. আরিফুল ইসলাম প্রিন্সের নেতৃত্বে ভিজিল্যান্স টিম কেন্দ্রটি পরিদর্শন করে এ সিদ্ধান্ত নেয়।

বহিষ্কৃত শিক্ষার্থীরা হলেন ড. হাবিবুর রহমান আইটি স্কুল অ্যান্ড কলেজের জাকির হোসেন ও জুনায়েদ ইসলাম মিনহাজ, ঘাগড়া কারিগরি স্কুলের মামুন মিয়া এবং মাইজবাড়ী উচ্চ বিদ্যালয়ের জারিফ আল জাবিত।তবে তাৎক্ষণিকভাবে দায়িত্ব অবহেলার কারণে অব্যাহতি পাওয়া তিন শিক্ষকের নাম-পরিচয় পাওয়া যায়নি।

ইউএনও মো. আরিফুল ইসলাম প্রিন্স বলেন, “সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা গ্রহণ নিশ্চিত করতে আমরা বদ্ধপরিকর।এ লক্ষ্যে প্রতিটি কেন্দ্র মনিটরিং করা হচ্ছে।নিয়মিতভাবে ভিজিল্যান্স টিমের অভিযান অব্যাহত থাকবে।”

ময়মনসিংহ শিক্ষার্থী এসএসসি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 12:24

URL: https://www.timestodaybd.com/mymensingh/1602491453